

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৬৫
মোহনপুর, ৬ নভেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন অভিযান ২.০
মোহনপুর ব্লকে সভা

মোহনপুর ব্লকে দ্বিতীয় পর্যায়ে প্রতি ঘরে সুশাসন অভিযান নিয়ে আজ মোহনপুর পঞ্চায়েত সমিতির হলে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রীণা দেববর্মা। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত বিডিও প্রসন্নজিৎ দেবনাথ, বিভিন্ন দপ্তরের আধিকারিক, গ্রামপঞ্চায়েতের প্রধান, উপপ্রধান ও সচিবগণ। সভায় অতিরিক্ত বিডিও জানান, আগামী ১৫-১৬ নভেম্বর ব্লকের প্রতিটি ওয়ার্ডে এবং গ্রামপঞ্চায়েতে বিকাশ সভা অনুষ্ঠিত হবে। তাছাড়া ১৭ থেকে ২৮ নভেম্বর গ্রাম পঞ্চায়েতগুলিতে বিকাশ শিবির এবং ২৩ ও ২৪ নভেম্বর ব্লকভিত্তিক বিকাশ শিবির অনুষ্ঠিত হবে।
